দৈনিক ইত্তেফাক

APR. 09 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ৩

# ঢা.বিতে দ্বিতীয় শিফট চালুর বিরোধিতা

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় শিফট চালুর প্রস্তাবের বিরোধিতা করেছে বিভিন্ন ছাত্র সংগঠন। সোমবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত এক বিতর্ক অনুষ্ঠানে এ বিরোধিতা করা হয়। 'রাজু বিতর্ক অঙ্গন' আয়োজিত এই বিতর্ক অনুষ্ঠানে ছাত্র ইউনিয়ন, ছাত্র ফেডারেশন, ছাত্রমৈত্রী, বিপ্লবী ছাত্রমৈত্রী, বাসদ ছাত্রলীগ ও সমাজবাদী ছাত্র জোটের নেতৃবৃন্দ অংশ নেন। এর মধ্যে সমাজবাদী ছাত্রজোট ছাড়া বাকি সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দই দ্বিতীয় শিফটের বিরোধিতা করেন। সমাজবাদী ছাত্রজোটের নেতৃবৃন্দ দ্বিতীয় শিফটের সমর্থন করলেও এর মাধ্যমে বাণিজ্যিকীকরণের বিরোধিতা করেন। বিতর্কের উপস্থাপনা করেন ফাইরুজ হক এবং পরিচালনা করেন নাদিরা সুলতানা নদী।